গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়
# জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
## মহাদেবপুর, নওগাঁ।

EIIN- 123407 | রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ | জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ | মাউশি কোড- ০১৫১
ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯ | মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২ | E-mail: jgovtcoll@gmail.com | Web: jgcbd.net

বিজ্ঞপ্তি নং ঃ জাসক/২০২৩/০২-০৪ তারিখ ঃ ০৬/০২/২০২৩খ্রি.

### ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম আগামী ০৭/০২/২০২৩খ্রিঃ তারিখ হতে ০৭/০৩/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের জাতীয় বিশ্বাবিদ্যালয় প্রদত্ত ফরম পূরণ লিঙ্ক (www.nubd.info/formfillup) এ ফরম পূরণপূর্বক হার্ডকপি ডাউনলোড করে কলেজ অংশ উক্ত তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। ফরম পূরণের টাকা ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে জাহাঙ্গীরপুর সরকারি কলেজের একাউন্ট (3071) এ জমা দিতে হবে। উল্লেখ্য নিয়মিত শিক্ষার্থীদের ২য় বর্ষে ভর্তি সম্পন্ন করে ফরম পূরণ করতে হবে।

ফরম পূরণের যোগ্যতা/শর্তাবলীঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো।

## ফিসের বিবরণ

| | | | |
|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থীদের জন্য | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | পরীক্ষা ফরম পূরণ (৭০০.০০) + ইনকোর্স ফি (১০০.০০) | ৮০০.০০ |
| | কলেজের অংশ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| | | ফরমপূরণের ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |
| | | অন লাইন ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |
| | | মোট = | ১৩৫০.০০ |

| | |
|---|---|
| মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ (২য় বর্ষে উন্নীত কিন্তু যে কোন বিষয়ে F গ্রেড প্রাপ্তদের ক্ষেত্রে) | মান উন্নয়ন ফি- ৩০০.০০ + প্রতি পত্রে ১০০.০০ + কেন্দ্র ফি- ৪৫০.০০ + ব্যবস্থাপনা ফি- ৫০.০০+ অনলাইন ফি- ৫০.০০ |
| **Conditional Promoted (C-Promoted)** পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপরে উল্লিখিত নির্ধারিত ফি-এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভূক্তি ফি ১০০০.০০ যোগ করতে হবে। | |

### ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং সিস্টেম "রকেট" এর মাধ্যমে ফি পরিশোধ এর নিয়মাবলিঃ

মোবাইল থেকে *322# লিখে যে সিমে DBBL Rocket একাউন্ট খোলা আছে সেই সিম থেকে ডায়াল করতে হবে। এরপর 1 লিখে সেন্ড করতে হবে। এরপর শিক্ষার্থী নিজ মোবাইল থেকে টাকা প্রদান করলে 1 এবং অন্য কারো মোবাইল থেকে টাকা প্রদান করলে 2 লিখে সেন্ড করতে হবে (2 নির্বাচন করলে যে মোবইলে ম্যাসেজ পেতে ইচ্ছুক সেই Mobile Number দিতে হবে)। এরপর 0 লিখে সেন্ড করতে হবে। তারপর Enter Biller ID এর ঘরে 3071 (শুধুমাত্র জাহাঙ্গীরপুর সরকারি কলেজের জন্য) লিখে সেন্ড করতে হবে। এরপর Enter Biller No. এর ঘরে নিম্নে উল্লিখিত নিয়মে Biller No. তৈরি করে তা লিখে সেন্ড করতে হবে। এরপর Enter Amount এর ঘরে নোটিশে উল্লিখিত টাকার পরিমাণ (যার জন্য যেটা প্রযোজ্য) লিখে সেন্ড করতে হবে। এরপর রকেট একাউন্টের পিন নম্বরটি লিখে সেন্ড করতে হবে। সর্বশেষ প্রাপ্ত TxnID নম্বরটি সংরক্ষণ করতে হবে। এই TxnID নম্বরটি ব্যবহার করে কলেজের ওয়েব সাইট (www.jgcbd.net) এর ডিবিবিএল ভেরিফিকেশন মেনুর শিক্ষার্থীর পেমেন্ট সাবমেনু থেকে সঠিকভাবে টাকা পরিশোধ হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যাবে।

বিভিন্ন শিক্ষাবর্ষের জন্য Biller No. তৈরির নমুনাঃ

| শিক্ষাবর্ষ | গ্রুপ/বিভাগ | Biller No. | ****** এর স্থলে লিখতে হবে | পূর্ণাঙ্গ Biller No. এর নমুনা |
|---|---|---|---|---|
| 2019-2020 | B. A | 19202101****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 191001 | 19202101191001 |
| | B.S.S | 19202102****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 191001 | 19202102191301 |
| 2018-2019 | B. A | 18192101****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 181001 | 18192101181001 |
| | B.S.S | 18192102****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 181001 | 18192102181301 |
| 2017-2019 | B. A | 17182101****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 171001 | 17182101171001 |
| | B.S.S | 17182102****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 171001 | 17182102171301 |
| 2016-2017 | B. A | 16172101****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 161001 | 16172101161001 |
| | B.S.S | 16172102****** | ৬ সংখ্যার ক্লাস রোল; যেমন- 161001 | 16172102161301 |

### ফরম পূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

| নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ঃ | | |
|---|---|---|
| ১. | পূরণকৃত ফরমের হার্ডকপি (কলেজ অংশ) | ০১ কপি |
| ২. | রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি | ০১ কপি |
| ৩. | ১ম বর্ষ পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি | ০১ কপি |
| ৪. | সদ্য তোলা পার্সপোর্ট সাইজ ছবি | ০২ কপি |
| ৫. | রকেট এর মাধ্যমে টাকা জমাদানের রশিদ (মূলকপি) | ০১ কপি |

| মানোন্নয়নে আগ্রহী পরীক্ষার্থীদের জন্য ঃ | | |
|---|---|---|
| ১. | পূরণকৃত ফরমের হার্ডকপি (কলেজ অংশ) | ০১ কপি |
| ২. | পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও মূল নম্বর পত্র | ০১ কপি |
| ৩. | রেজিস্ট্রেশন কার্ডের কপি | ০১ কপি |
| ৪. | সদ্য তোলা পার্সপোর্ট সাইজ ছবি | ০২ কপি |
| ৫. | রকেট এর মাধ্যমে টাকা জমাদানের রশিদ (মূলকপি) | ০১ কপি |

০৬/০২/২০২৩

অধ্যক্ষ
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

মোঃ সাইফুর রহমান চৌধুরী (০১৪১৫৩)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

০৬.০২.২০২৩

আহবায়ক
২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা কমিটি
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫২৯) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭২২ তারিখ : ২৪/০১/২০২৩

## ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**
সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে **(www.nubd.info/formfillup)** পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ**

ক) ফরম ডাউন লোড করার তারিখ (শিক্ষার্থী কর্তৃক) ঃ ০৭/০২/২০২৩ হতে ০৭/০৩/২০২৩
খ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ০৯/০৩/২০২৩ হতে ১৫/০৩/২০২৩
গ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ২১/০৩/২০২৩ হতে ২৭/০৩/২০২৩
ঘ) ফি বিবরণী, বিবরণী ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব কলেজে পরবর্তী ২য় বর্ষ পরীক্ষা পর্যন্ত সংরক্ষণ করতে হবে বিশ্ববিদ্যালয়ে/আঞ্চলিক অফিসে জমা দেয়ার প্রয়োজন নেই।

৩। **২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

ক) ২য় বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ঃ ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
খ) সার্টিফিকেট কোর্স ঃ ৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
গ) মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/অনিয়মিত ঃ ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি)+ ১০০/- হারে (প্রতি পত্রে)
**ঘ) Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণে জন্য নির্ধারিত ফি -এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি ঃ ১০০০/-**
ঙ) কেন্দ্র ফি ঃ ৪৫০/-

**(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)**

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) ঃ**

i) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২০ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

**খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) ঃ**

i) ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে **"বাংলা জাতীয় ভাষা"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

**গ) অকৃতকার্য ও মানোন্নয়ন ঃ**

i) ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৯, ২০১৮, ২০১৭, ও ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০২০, ২০১৯, ২০১৮, ও ২০১৭ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা **সর্বোচ্চ দু'টি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

চলমান পাতা- ২

২৫/০২/২৬

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০২০, ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০২০, ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। <u>অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)</u> ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/ formfillup)** এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৬। <u>অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য)</u> ঃ

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nubd.info/formfillup)** এ গিয়ে College Login (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর (incourse mark) entry করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে না। এ ভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী ও প্রশ্নপত্রের চাহিদা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফলপ্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

চ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ০২-৯৯৬৬৯১৫১৭, ০২-৯৯৬৬৯১৫৩৮ (সকাল ৯:০০মিঃ থেকে ৪:০০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ছ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা বিবরণী ফরম, ফি বিবরণী ফরম জমার সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

জ) **বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

৭। <u>ফি জমাদানের নিয়মাবলী</u> ঃ

ক) সংশ্লিষ্ট কলেজ (pms.nu.ac.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে pay slip down Load করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) Pay Slip সংগ্রহের জন্য নির্ধারিত তারিখে বিকাল ৪-০০টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য ০১৭১৭-০৩৭৭৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৯। <u>প্রশ্নপত্রের চাহিদা</u> ঃ

ক) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক "প্রশ্নপত্রের চাহিদা বিবরণী" যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে।

খ) **প্রশ্নপত্রের চাহিদা সঠিকভাবে প্রদান করতে হবে। চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।**

১০। <u>প্রবেশপত্র সংশোধন</u> ঃ

ক) প্রবেশপত্র কোন ক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্রসহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১১। <u>পরীক্ষা পরিচালনার খরচ</u> ঃ

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- টাকা মধ্যে ৩০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১২। <u>রেগুলেশন</u> ঃ

২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.ac.bd** তে দেয়া আছে।

১৩। <u>সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে)</u> ঃ

২০২১ সালের ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। <u>কলেজ অধিভুক্তি</u> ঃ

কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের চিঠি (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ) সংশ্লিষ্ট শাখায় জমা সাপেক্ষে বিবরণী ফরম গ্রহণ করা হবে। অন্যথায় গ্রহণ করা হবে না।

চলমান পাতা- ৩

২৭/০২/২৬

১৫। <u>পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা</u> ঃ

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১৬। <u>ইন-কোর্স পরীক্ষা গ্রহণ ও নম্বর ফর্দ প্রেরণ</u> ঃ

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফ্টওয়ারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিঃ নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১৭। **ফলাফল** ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

বি.দ্র. ১। **উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট www.nu.ac.bd/ www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্রছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।**

২। <u>**ফরম পূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহ করতে পারবে না।**</u>

২৫/১/২৩

**(বদরুজ্জামান)**
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫২৯) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭২২ তারিখ : ২৪/০১/২০২৩

<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো</u> ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

২৫/০১/২৩

(মোঃ আমীর খইয়াম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
মোবাঃ ০১৭১৬৫৮৬৬৬৪(শুধু অধ্যক্ষ)
ফোন : ০২-৯৯৬৬৯১৫৩৮ (অফিস)
nudegreepassexam@gmail.com